

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 26-03-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যকে বিনিয়োগের সেরা গন্তব্যে পরিণত করতে শিল্প বান্ধব নীতি প্রস্তুত করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী লন্ডনে এক আন্তর্জাতিক শিল্প সম্মেলনে জানিয়েছেন।
- ২) ভুয়ো ভোটার কার্ড নিয়ে আলোচনা করতে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আগামী শুক্রবার স্বীকৃত রাজনৈতিক দলগুলিকে বৈঠকে ডাকা হয়েছে।
- ৩) রাজ্য সরকারি কর্মীদের পয়লা এপ্রিল থেকে মহার্ঘ ভাতা বৃদ্ধির বিজ্ঞপ্তি জারি।
- ৪) কলকাতা পুরসভা, বর্ষার জমে থাকা জল দ্রুত সরাতে নিকাশি ব্যবস্থা জোরদার করতে খাল খনন সহ কলকাতা সংলগ্ন ১৩ টি খাল সংস্কার করবে।
- ৫) হাওড়ার বেলগাছিয়ার ভাগাড়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে রাজ্য সরকার বাড়ি তৈরি করে দেবে বলে পুরমন্ত্রী জানিয়েছেন।
- ৬) নবম রাজ্য ক্রীড়া প্রতিযোগিতা আগামীকাল কলকাতায় শুরু হবে।

রাজ্যকে বিনিয়োগের সেরা গন্তব্যে পরিণত করতে বিশ্বের সমস্ত শিল্পোন্নত দেশকে অনুসরণ করে শিল্প বান্ধব নীতি প্রস্তুত করা হচ্ছে। গতকাল লন্ডনের সেন্ট জেমস কোর্ট হোটেলের এডওয়ার্ডিয়ান হলে এক আন্তর্জাতিক শিল্প সম্মেলনে মুখ্যমন্ত্রী

মমতা ব্যানার্জি এ কথা জানিয়েছেন। রাজ্যে শান্তি, স্থিতিশীলতা ও উন্নত পরিকাঠামো রয়েছে বলে উল্লেখ করে তিনি সম্মেলনে উপস্থিত দেশ-বিদেশের শিল্পপতিদের রাজ্যে বিনিয়োগের আহ্বান জানান।

ইউকে ইন্ডিয়া বিজনেস কাউন্সিল, ফিকি এবং অন্যান্য ব্রিটিশ বণিক সভা প্রতিনিধিদের সামনে মুখ্যমন্ত্রী রাজ্যে অর্থনৈতিক অগ্রগতির পরিসংখ্যান তুলে ধরেন। তিনি জানান, দেশে যখন জিডিপি বৃদ্ধির হার ৬ দশমিক ৩/৭ শতাংশ, তখন রাজ্যে তা ৬ দশমিক ৮/০ শতাংশ। গত কয়েক বছরে বেকারত্ব ৪৬ শতাংশ কমিয়ে আনা হয়েছে, যা দেশের অন্যান্য রাজ্যের তুলনায় উল্লেখযোগ্য সাফল্য।

মুখ্যমন্ত্রী জানান, রাজ্যে ৬ টি নতুন ইকোনমিক করিডর তৈরি হচ্ছে। যা শিল্পের প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। পাশাপাশি, বীরভূমের দেউচ- পাচামিতে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম কয়লা উত্তোলন শিল্প গড়ে উঠছে। যা আগামী এক শতাব্দী পর্যন্ত রাজ্যের বিদ্যুৎ চাহিদা পূরণে সহায়ক হবে। আগামিদিনে বিদ্যুতের খরচও কমবে, যা শিল্পের জন্য ইতিবাচক।

এদিকে, এ রাজ্য বিনিয়োগের মরুদ্যান হবে বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন বিজেপি তার সমালোচনা করেছে।

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল সমাজ মাধ্যমে অভিযোগ করে বলেন, ২০১১ সালের পর থেকে এ রাজ্য অর্থনীতি ও কর্মসংস্থানে ক্রমশ পিছিয়ে পড়ছে। বাংলায় কর্মসংস্থান না থাকায় এ রাজ্যের মানুষ রোজগারের তাগিদে অন্য রাজ্যে গিয়ে পরিয়ানী শ্রমিকের পরিচয়ে বেঁচে আছেন বলে শ্রী মজুমদার মন্তব্য করেন।

তাঁর আরো অভিযোগ, মুখ্যমন্ত্রীর তোষণের রাজনীতি বিপজ্জনক পর্যায়ে পৌঁছেছে।

ভুয়ো ভোটার কার্ড নিয়ে চলতি বিতর্কের প্রেক্ষিতে ভোটার কার্ড সংশোধন সহ নানা বিষয় নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর বৈঠকে বসছে। আগামী শুক্রবার রাজ্যের আটটি স্বীকৃত রাজনৈতিক দলকে ওই সর্বদলীয় বৈঠকে ডাকা হয়েছে। একই এপিক নম্বরে একাধিক ভোটার কার্ড থাকা নিয়ে সাম্প্রতিক বিভিন্ন বিতর্ক নিরসনের পথ খুঁজতেই এই বৈঠক ডাকা হয়েছে বলে মনে করা হচ্ছে।

এদিকে, ভিন রাজ্যের পরিচয় পত্রের সঙ্গে ছবছ নম্বর মিলে যাওয়ায় নির্বাচন কমিশন এ রাজ্যের ৬০০ এপিক কার্ড বাতিল করেছে। নম্বর মিলে যাওয়ায় হরিয়ানা, গুজরাটের মতো কয়েকটি রাজ্যেও কয়েক হাজার এপিক কার্ড বাতিল করা হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। এ রাজ্যের সঙ্গে হরিয়ানার এপিক নম্বর মিলে যাওয়ার ঘটনা সবচেয়ে বেশি। ভোটার কার্ড সংশোধনের ক্ষমতা কমিশন, জেলাস্তরের ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসারদের হাতে দেওয়ার পরই এ'ধরনের বিভ্রাট ঘটেছে বলে কমিশনের অনুমান।

রাজ্য বাজেটের ঘোষণা মত সরকারি কর্মচারীদের পয়লা এপ্রিল থেকে চার শতাংশ মহার্ঘ ভাতা বাড়ছে। এই মর্মে গতকাল অর্থ দপ্তর বিজ্ঞপ্তি জারি করেছে। এর ফলে আগামী পয়লা এপ্রিল থেকে রাজ্য সরকারি কর্মীরা ১৮ শতাংশ হারে মহার্ঘ ভাতা পাবেন।

রাজ্য সরকারের বিভিন্ন দফতর ছাড়াও সরকারি ও সরকার পোষিত স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক- অশিক্ষক কর্মচারী, স্বশাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত সংস্থা, পঞ্চায়েত ও

পুরসভার কর্মী এবং রাজ্য সরকারের পেনশনভোগীরাও বাড়তি মহার্ঘ ভাতার সুবিধে পাবেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ৩০শে মার্চ তাঁর প্রতি মাসের বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০ তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এই অনুষ্ঠানের বিষয়ে জনসাধারণ আগামী ২৮ তারিখের মধ্যে নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০তে ডায়াল করে তাঁদের মতামত জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামেও এই মতামত জানান যাবে।

এই অনুষ্ঠান আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল, AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে। আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে। মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

এবারের স্পটলাইটের আলোচনার বিষয়ঃ প্রধানমন্ত্রীর মরিশাস সফর ও ভারতের বিদেশ নীতি। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির প্রথম পর্ব শোনা যাবে আগামীকাল বৃহস্পতিবার। দ্বিতীয় পর্ব শোনা যাবে আগামী রবিবার।

হাওড়ার বেলগাছিয়া ভাগাড়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে রাজ্য সরকার, বাড়ি করে দেবে বলে জানিয়েছে। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন, ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সরকার পুনর্বাসন দেবে। সাংবাদিকদের গতকাল তিনি জানান, এই ঘটনায় ক্ষতিগ্রস্ত ৯৬ টি পরিবারকে আগামী দেড় বছরের মধ্যে ‘বাংলার বাড়ি’ প্রকল্পের আওতায় আবাসন তৈরী করে দেওয়া হবে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একটি বিশেষজ্ঞ দল ভাগাড়ের মাটি পরীক্ষার পর রিপোর্ট পেশ করলে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে বলে পুরমন্ত্রী জানান।

এদিকে, সংলগ্ন এলাকার বাসিন্দাদের অস্থায়ী পুনর্বাসন নিয়ে গতকাল জেলা প্রশাসনের তরফে একটি বৈঠকের আয়োজন করা হয়। প্রশাসনের তরফ থেকে স্থানীয়দের একটি বিদ্যালয়ে সাময়িক আশ্রয় ব্যবস্থা করা হবে বলে জানানো হয়েছে।

ভাগাড় সংলগ্ন অঞ্চলে মাটির পরীক্ষা চালানো ও ওই অঞ্চলে বাসস্থান নির্মাণের উপযুক্ত পরিস্থিতি রয়েছে কিনা, তা নিয়ে পরীক্ষা নিরীক্ষার জন্য বাসিন্দাদের অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ারও পরিকল্পনা আছে প্রশাসনের। হাওড়া জেলার অতিরিক্ত জেলা শাসক (ভূমি সংস্কার) আজার জিয়া সংবাদমাধ্যমকে জানান, এলাকাবাসীদের বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানানো হয় এই বৈঠকে।

এদিকে, স্থানীয়দের একাংশ প্রস্তাবে আপত্তি তুলে জানায়, শুধুমাত্র মৌখিক আশ্বাসের ভিত্তিতে নিজেদের ঘর বাড়ি ছাড়তে তাঁরা রাজি নন।

অন্যদিকে গতকাল প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বেলগাছিয়া অঞ্চল পরিদর্শনে গেলে পুলিশের তরফ থেকে বাধা দেওয়া হয়।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে বাধা দেবার প্রতিবাদে বিজেপি কর্মীরা গতকাল হাওড়া জেলা জুড়ে প্রতিবাদ কর্মসূচীর আয়োজন করে।

বিশ্ব শান্তি ও পরিবেশ সংরক্ষণের বার্তা নিয়ে পৃথিবীর ষষ্ঠ উচ্চতম পর্বত শৃঙ্গ চোয়ু এবং চতুর্দশ উচ্চতম শৃঙ্গ শিশাপাঙমা অভিযান করতে চলেছেন বিশিষ্ট পর্বতারোহী পিয়ালী বসাক। কলকাতা প্রেস ক্লাবে গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি তার এই পরিকল্পনার কথা জানান। অক্সিজেন ছাড়াই দুঃসাহসিক পার্বত্য অভিযান করে পিয়ালী ইতিমধ্যেই পর্বতারোহী মহলের পাশাপাশি সারা বিশ্বের নজর কেড়েছেন। এবারও অক্সিজেন ছাড়াই তিনি অভিযানে যাবেন বলে জানিয়েছেন। তিব্বত থেকে অভিযান শুরু করার পরিকল্পনা থাকলেও সংশ্লিষ্ট প্রশাসনের কাছ থেকে এখনো প্রয়োজনীয় অনুমতি মেলেনি। শেষ পর্যন্ত ওই শৃঙ্গ যুগল অভিযানের ছাড়পত্র না পেলে বিকল্প হিসেবে পৃথিবীর তৃতীয় উচ্চতম শৃঙ্গ কাঞ্চনজঙ্ঘা অভিযানে যাওয়ার পরিকল্পনার কথাও পিয়ালী জানিয়েছেন।

বাইট

যাত্রীদের ক্রমবর্ধমান চাপের মধ্যে মহিলাদের যাতায়াতের সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের শহরতলীতে চলাচলকারী 3 Phase Electric Multiple Unit বা EMU ট্রেনে মহিলাদের জন্য সংরক্ষিত কোচের সংখ্যা বৃদ্ধি করা করা হচ্ছে। বর্তমানে EMU লোকালের উভয় প্রান্তের দ্বিতীয় কোচটি মহিলাদের জন্য সংরক্ষিত রয়েছে। এর পাশাপাশি বর্তমানে 3 Phase EMU লোকালের উভয় প্রান্তের তৃতীয় কোচের একটা অংশ মহিলাদের জন্য সংরক্ষিত করা হচ্ছে বলে রেল সূত্রের খবর। উল্লেখ্য, শিয়ালদা মেন, উত্তর ও দক্ষিণ শাখায় প্রতিদিন প্রচুর সংখ্যক মহিলা যাত্রী চলাচল করেন।

বর্তমানে কিছু মাতৃভূমি লোকাল চালিয়ে পরিস্থিতি সামাল দেওয়া হলেও যাত্রী সংখ্যা বৃদ্ধির ফলে তা অনেকটাই অপ্রতুল হওয়ায়, এই কোচের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে রেলের তরফে জানানো হয়েছে।

উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে মতুয়া মহামেলা উপলক্ষে যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল শিয়ালদা ডিভিশনে আজ এবং আগামীকাল আটটি স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

ঠাকুরনগর থেকে গেদে, লালগোলা, ক্যানিং ও নামখানার মধ্যে আপ ও ডাউনে এই ট্রেনগুলি চালানো হবে।

এই মেলা উপলক্ষে ঠাকুরনগর থেকে কাঠগুদাম, বন গাঁ- লামডিং এবং বনগাঁ - আলিপুরদুয়ার জংশনের মধ্যেও বিশেষ ট্রেন চালানো হচ্ছে।

নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে মালদার বৈষ্ণবনগর থানার পুলিশ, স্থানীয় সুখপাড়ার একটি বাড়ি থেকে ৯৬ হাজার ৫শো টাকার জাল নোট উদ্ধার করেছে। গত সোমবার রাত দেড়টা নাগাদ, সুখপাড়ার রিঙ্কু সাহার বাড়ি থেকে জাল নোট ছাড়াও উদ্ধার হয়েছে সিঙ্গল শটার পাইপগান ও এক রাউন্ড গুলি। গতকাল ভোরে রিঙ্কু সাহাকে গ্রেপ্তার করা হয়। তাকে গতকাল মালদা আদালতে তোলা হলে, সাতদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। বৈষ্ণব নগর থানায় মামলা রুজু হয়েছে।

নবম রাজ্য ক্রীড়া প্রতিযোগিতা আগামীকাল কলকাতায় শুরু হবে। বিভিন্ন জেলার প্রায় সাত হাজার প্রতিযোগী ৩৬ টি ক্রীড়ায় অংশ নেবেন। কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এক সাংবাদিক বৈঠকে প্রতিযোগিতার চেয়ারম্যান স্বরূপ বিশ্বাস জানিয়েছেন, কলকাতায় জিমন্যাস্টিকস, গলফ, রাইফেল শুটিং, বোলিং সহ মোট ৬টি খেলা অনুষ্ঠিত হবে। কলকাতা পর্বের প্রতিযোগিতা চলবে ৬ ই এপ্রিল পর্যন্ত। সাত থেকে ১০ ই এপ্রিল মালদা ও দুর্গাপুরে অন্যান্য খেলা গুলি অনুষ্ঠিত হবে বলে শ্রী বিশ্বাস জানিয়েছেন। তিনি জানান জেলা স্তর থেকে ক্রীড়া প্রতিভা অন্বেষণই এই প্রতিযোগিতার উদ্দেশ্য।

আইপিএল ক্রিকেট ম্যাচে গুয়াহাটিতে আজ কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালসের মুখোমুখি হবে। খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়। ইডেনে উদ্বোধনী ম্যাচে গত শুক্রবার রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু সাত উইকেটে কেকেআরকে পরাজিত করেছিল।
